



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

18 SEPTEMBER 2024

7:35 AM IST

=====

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিনের সঙ্গে সঙ্গতি রেখে গতকাল রাজ্যের ১ লক্ষ তিন হাজার ৫শ ৭৫ টি প্রধানমন্ত্রী আবাস যোজনার নবনির্মিত গৃহ প্রবেশ কার্যসূচী অনুষ্ঠিত হয়। এরই অংশ হিসেবে মন্ত্রী কেশব মহন্ত গতকাল কলিয়াবর উন্নয়ন খন্ডের অধীন হিতাধিকারীদের বাসগৃহ নির্মাণের জন্য অনুমোদন পত্র বিতরণের শুভারম্ভ করেন।

মন্ত্রী বিমল বরা গতকাল টিংখং বিধানসভা কেন্দ্রের রাজগড় গ্রাম পঞ্চায়েতে গৃহপ্রবেশ অনুষ্ঠানে অংশগ্রহন করেন।

উল্লেখ্য প্রধানমন্ত্রী আবাস যোজনা প্রকল্পের দ্বিতীয় পর্যায়ে আসামকে অতিরিক্ত এক লক্ষ ৭১ হাজার ৫শ ৯৩ টি গৃহ নির্মাণের অনুমোদন দেওয়া হয়েছে। উল্লেখ্য আসামে প্রধানমন্ত্রী আবাস যোজনা গ্রামীণের অধীনে চলতি বছরের ১৫ই সেপ্টেম্বর পর্যন্ত ১৯ লক্ষ ১৮ হাজার ৭শ ৮৭ টি ঘরের নির্মাণ কাজ শেষ হয়েছে।

সমগ্র দেশে গতকাল থেকে স্বচ্ছতাই সেবা অভিযান ২০২৪ শুরু হয়েছে। এ বছর এই অভিযানের বিষয়বস্তু হচ্ছে ‘স্বভাব স্বচ্ছতা - সংস্কার স্বচ্ছতা’। এই অভিযান আগামী দোসরা অক্টোবর পর্যন্ত চলবে। দেশের পর্যটনস্থল, বিভিন্ন প্রতিষ্ঠান, বানিজ্যিক অঞ্চল, জলাশয়, চিরিয়াখানা, শৌচালয় সহ অন্যান্য স্থানে সম্মিলিত শ্রমদানের মাধ্যমে স্বচ্ছতা অভিযান চালানো হবে। উল্লেখ্য ২০১৪ সালে শুরু হওয়া স্বচ্ছ ভারত অভিযান এক দশক পূর্ণ করেছে। রাজ্য তথা কেন্দ্রীয় সরকারের সব মন্ত্রক দেশের জনসাধারণের স্বচ্ছতার জন্য বিভিন্ন কার্যসূচীর আয়োজন করেছে। সমাজের তিনটি মুখ্য দিককে অন্তর্ভুক্ত করে চলতি বছর স্বচ্ছতা অভিযান আরম্ভ করা হয়েছে। এই বিশেষ দিকগুলো হচ্ছে স্বচ্ছতায় বিশেষ গোষ্ঠীগুলোর জন্য শ্রমদান কার্যসূচি, স্বচ্ছতায় জনসাধারণের অংশগ্রহণ এবং সাফাই মিত্র সুরক্ষা শিবির। এই অভিযানে জনসাধারণ সহ বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান, বেসরকারী সংস্থা, উন্নয়নমূলক সংস্থা, পঞ্চায়েত তথা বিভিন্ন গোষ্ঠী অংশগ্রহণ করবে।

দেশের সর্বোচ্চ আদালতের বিচারপতি ডি আর গাভাই ও বিচারপতি কে ভি বিশ্বনাথের বিচারপীঠ গতকাল এক রায়ে জানিয়ে যে দেশের কোন স্থানে আগাম অনুমতি ছাড়া উচ্ছেদ অভিযান চালানো যাবে না। বিভিন্ন রাজ্যে এধরনের উচ্ছেদ অভিযান সম্পর্কে দাখিল করা আবেদনের শুনানি গ্রহণ করে সর্বোচ্চ আদালত এই নির্দেশ জারি করে। অবশ্য সড়ক, ফুটপাথ, রেলপথ এবং জলাশয় সহ অন্য প্রকাশ্য স্থানে অবৈধ দখলের ক্ষেত্রে এই নির্দেশ প্রযোজ্য হবে না বলে আদালত স্পষ্ট করে জানিয়ে দিয়েছে।

আসাম লোকসেবা আয়োগের পরীক্ষায় অনিয়ম সম্পর্কে বিশেষ তদন্তকারী দলের দাখিল করা অভিযোগ নামার ভিত্তিতে গতকাল বিশেষ ন্যায়াধীশের আদালতে ২৩ জন অভিযুক্ত আধিকারীকের বিরুদ্ধে অভিযোগ গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য লোকসেবা আয়োগের পরীক্ষায় অনিয়ম সম্পর্কে গুয়াহাটী হাইকোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি বিপ্লব কুমার শর্মা কমিশনের প্রতিবেদনে নাম থাকা ১৪ জন অভিযুক্ত আধিকারীকের নাম তদন্তকারী দল অভিযোগনামায় সন্নিবিষ্ট করে নি। বিশেষ আদালত এই ১৪ জনের মধ্যে ৯ জনের বিরুদ্ধে নিজে থেকে অভিযোগ গ্রহণ করেছে।

কাছাড় জেলায় গ্রাম পঞ্চায়েতের প্রকাশিত খসড়া তালিকা অনুযায়ী জেলার সাতটি বিধানসভা আসনের জন্য ২৫টি জেলা পরিষদের আসন রাখা হয়েছে। এর মধ্যে বড়খলা, ধলাই, কাটিগড়া, লক্ষীপুর সোনাই ও উধারবন্দ বিধানসভা আসনে চারটি করে জেলা পরিষদ এবং শিলচর বিধানসভা আসনে একটি জেলা পরিষদের আসন রাখা হয়েছে। পূর্বে কাছাড় জেলায় মোট ২৭টি জেলা পরিষদের আসন ছিল।

এদিকে করিমগঞ্জ জেলা পরিষদের আসন ১৬টি করা হয়েছে। জেলা আয়ুক্ত মৃদুল যাদবের প্রকাশ করা পঞ্চায়েতের খসড়া অনুযায়ী করিমগঞ্জ জেলার চারটি বিধানসভা কেন্দ্রের প্রতিটিতে চারটি করে জেলা পরিষদের আসন রাখা হয়েছে।

হাইলাকান্দি জেলায় ৮টি জেলা পরিষদ আসন, পাঁচটি আঞ্চলিক পঞ্চায়েত এবং ৬২টি গ্রাম পঞ্চায়েত নিয়ে পঞ্চায়েতের খসড়া তালিকা গতকাল প্রকাশ করা হয়েছে। জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম গতকাল আয়োজিত এক সাংবাদিক

সম্মেলনে জানান যে ১২১ নম্বর হাইলাকান্দি বিধানসভা আসনে চারটি এবং ১২২ নম্বর আলগাপুর-কাটলিছড়া বিধানসভা আসনে আরো চারটি জেলা পরিষদের আসন রয়েছে। এই খসড়া সম্পর্কে আগামী ২০ সেপ্টেম্বর পর্যন্ত দাবী-আপত্তি জানানো হবে।

হাইলাকান্দি জেলা এক্স সার্ভিসম্যান এসোসিয়েশন, হেক্সার উদ্যোগে গতকালমোহনপুর চতুর্থ খন্ডে এক পেড় মা কে নাম শীর্ষক কার্যসূচীর অধীনে বৃক্ষরোপন কার্যসূচী পালন করা হয়েছে। হেক্সা সভাপতি শামসুল হক বড়ভুইয়ার নেতৃত্বে বৃক্ষরোপন কার্যসূচীতে প্রায় একশ গাছের চারা রোপন করা হয়। এ উপলক্ষ্যে আয়োজিত সভায় বৃক্ষরোপনের প্রাসঙ্গিকতা নিয়ে প্রাক্তন সেনা কর্মী কাজল চন্দ , এ কে মজুমদার , নিবারন দত্ত প্রমুখ বক্তব্য রাখেন।
